



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
মশরপুর, নওগাঁ।



তারিখ : ০৮/১২/২০২২খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৪৭.১৩ - ৩৭০


ভর্তি বিজ্ঞপ্তি

দেশের বেকার যুবদের কারিগরি বিষয়ে দক্ষতাবৃদ্ধি, কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ১৮ হতে ৩৫ বৎসরের যুব ও যুবমহিলাদের নিকট থেকে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	কোর্স ফি	সাক্ষাৎকারের তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
পোষাক তৈরি প্রশিক্ষণ কোর্স	০৩(তিন)মাস	১০ জন	অষ্টম শ্রেণী (ন্যূনতম)	২৬/১২/২০২২খ্রিঃ	৫০/=	২৮/১২/২০২২খ্রিঃ	০১/০১/২০২৩খ্রিঃ

ভর্তি সংক্রান্ত :

- ১। আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ (ঞ) বয়স (দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে) উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র জেলার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট উপ-পরিচালক বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
- ২। আবেদন পত্রের সাথে ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের সনদ পত্রের সত্যায়িত কপি (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার কমিশনার/প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৩। নির্বাচনী পরীক্ষার সময় সকল মূল সনদপত্রসমূহ সঙ্গে আনতে হবে এবং নির্বাচনী বোর্ডে প্রদর্শন করতে হবে।
- ৪। যুব সংগঠন কর্তৃক মনোনীত, মুক্তিযোদ্ধা পোষ্য (স্বপক্ষে প্রমাণপত্র) এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল-৯.৩০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি, এ /ডি, এ দেওয়া হবে না। উল্লেখ্য যে, সকাল ৯.৩০ ঘটিকায় হতে দুপুর-২.০০ টা পর্যন্ত মৌখিক পরীক্ষা নেয়া হবে।
- ৬। প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত হবে বিধায় কেন্দ্রের নিয়ম অনুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।
- ৭। প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- ৮। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৯। উক্ত প্রশিক্ষণ কোর্সটি উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় বাস্তবায়ন করা হবে।
- ১০। প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম অনুসারে জনপ্রতি ১০০/- হারে প্রতি কর্মদিবস উপস্থিতির ভিত্তিতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।



(মুঃ জাবেদ ইকবাল)
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।

তারিখ : ০৮/১২/২০২২খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৪৭.১৩ - ৩৭০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, , নওগাঁ। (নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, , নওগাঁ।
- ৪। যুব সংগঠন/সংস্থা, নওগাঁ।
- ৫। অফিস কপি/ নোটিশবোর্ড।


(মোঃ ফজলুল হক)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।